মুঃ তারেকুল মোমেন চৌধুরী ★ এম. আবদুল হক

বিপর্যস্ত সমাজ, জীবিকা ও শিক্ষাকে উদ্ধার করতে

# ঘরে ঘরে পিসি আসছে

আশির দশকের প্রথম দিক থেকে শুরু করে পিসির অগ্রযাত্রার প্রথম দশটি বছর অফিস কমপিউটারের বাজার ছিল রমরমা। এর মধ্যে হোম অর্থাৎ বাসাবাড়ীর কমপিউটারের অংশ ছিল খুবই নগণ্য। গত বছর হঠাৎ করেই পিসির বাজারে আবাসগৃহে কমপিউটার কর্ম বা হোম কমপিউটিং সবচেয়ে দ্রুত বর্ধনশীল অংশ হিসেবে আত্মপ্রকাশ করেছে। আমেরিকা, ইউরোপ ও এশিয়ার উচ্চবিত্ত ও মধ্যবিত্ত ঘরে ঘরে আসছে পারসোনাল কমপিউটার বা পিসি। কেবলমাত্র আমেরিকাতেই বাসাবাড়ীতে ব্যবহারের জন্য ১৯৯৩ সালে রেকর্ড পরিমাণ ৫৮.৫ লক্ষ পিসি বিক্রি হয়েছে। সেখানে সমস্ত পিসির বিক্রি মাত্র ৫% বেড়ে দাঁড়িয়েছে ২৫০০ কোটি ডলারে অথচ কেবলমাত্র হোম পিসির বিক্রি ২৪% বেড়ে দাঁড়িয়েছে ৭০০ কোটি ডলারে। 'লিংক রিসোর্সেস' নামক একটি গবেষণা ও উপদেশনা প্রতিষ্ঠান এই তথ্যগুলো জানিয়েছে। আমেরিকায় প্রতি তিনটি বাসাবাড়ীর একটিতে রয়েছে কমপিউটার। সমগ্র আমেরিকাতে এর পরিমাণ ৩ কোটি ২০ লক্ষ ইউনিট।

হার্ডওয়্যার এবং সফটওয়্যারে নির্মাতাদের মতে, হোম-পিসির চাহিদা সবেমাত্র বাড়তে শুরু করেছে। মাইক্রোসফটের প্রধান নির্বাহী বিল গেটস ভবিষ্যতবাণী করেছেন, এ দশকের শেষ দিকে তাঁর কোম্পানীর আয়ের ৫০% আসবে বাসা বাড়ীতে বিক্রির খাত থেকে। বর্তমানে এ খাত থেকে মাইক্রোসফটের আয় হয় মাত্র ৫%।

ফরচুন ম্যাগাজিন সাম্প্রতিক সংখ্যায় উপরের তথ্যগুলো জানিয়ে আরো লিখেছে,–

প্রকাশনা শিল্প, টেলিকমিউনিকেশন, ব্রডকাস্টিং, খেলনা তৈরি ইত্যাদি শিল্প প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সেবা ও পণ্য সরবরাহে হোম কমপিউটিং বিরাট সম্ভাবনার দ্বার খুলে দেবে। বিশেষজ্ঞরা বলছেন আগামী কয়েক বছরের মধ্যেই যে কোন শিল্পের তুলনায় হোম কমপিউটিং সবচেয়ে বেশি বাড়বে।

যে ৫টি প্রধান উপাদান হোম কমপিউটারের বিক্রি ত্বরান্বিত করবে সেগুলো হলোঃ

**১) বাসায় বসে কাজ করার ব্যাপকতা বাড়ছে**

এখন অফিসের অনেক কাজই বাসায় বসে করা সম্ভব হচ্ছে। এই ধারা আরো বাড়বে এবং বাইরের খন্ডকালীন কাজ এনেও পরিবারের লোকেরা এই মেশিনের সাহায্য নিতে পারবে। বিবিধ ধরনের কাজ করে আয় উপার্জন বাড়ানোর জন্যও হোম পিসি ব্যবহৃত হতে পারে। এদেশের সচিব পর্যায়ের ২/৩ জন, যুগ্ম ও উপ-সচিব পর্যায়ের বেশ কয়েকজন কর্মকর্তা আয় রোজগার বাড়ানোর জন্য উপদেশনার কাজে বাসায় কমপিউটার ব্যবহার করছেন। নিজের কাজের ফাঁকে ফাঁকে প্রকাশনা শিল্পের জন্য পরিবারের লোকদের দিয়ে বাইরের কাজ করিয়ে থাকেন এদেশের বহু নামকরা কবি সাহিত্যিক।

**২) পিসির দাম দ্রুত কমে যাচ্ছে**

কয়েক বছর মূল্য হ্রাস যুদ্ধের পর বাসাবাড়ীতে ব্যবহারযোগ্য পিসির দাম এখন অনেকেরই ধরা ছোঁয়ার মধ্যে। ৫০/৬০ হাজার টাকায় এখন এমন আইবিএম কম্পাটিবল পিসি পাওয়া যায়, যাতে রয়েছে বিপুল ক্ষমতার হার্ডডিস্ক ড্রাইভ এবং দ্রুতগতির প্রসেসর। এতে মাইক্রোসফটের উইন্ডোজ অপারেটিং সিস্টেম এবং বহু জনপ্রিয় এপ্লিকেশন প্রোগ্রাম চালানো যায়। ৩ বছর আগে এ ধরনের একটি মেশিন পেতে প্রায় ২/৩ গুণ বেশি খরচ পড়তো। এপল ম্যাকিনটোশ মেশিনের দামও প্রায় একই অনুপাতে কমে গেছে।

**৩) পিসি এখন সহজেই চালু করা যায়**

পিসি প্রস্তুতকারকগণ অবশেষে ঠিকই বুঝতে পেরেছেন যে নতুন পিসি স্থাপনের সময় কোন ব্যবহারকারীই জটিল জটিল হার্ডওয়্যার এবং দুর্বোধ্য সফটওয়্যার ব্যবহার করতে চান না। ফলে এখন পিসিগুলো ফ্যাক্টরীতেই এমনভাবে তৈরি হচ্ছে যে ক্রেতা বাক্স কিনে নিয়ে গিয়ে কয়েকটি মাত্র সংযোগ দিয়ে কয়েক মিনিটের মধ্যেই তা চালু করতে পারে। অনেক ক্ষেত্রে প্রয়োজনীয় প্রায় সব ধরনের সফটওয়্যারও আগেই ইনষ্টল করা থাকে। এগুলোতে উচ্চ ক্ষমতার হার্ডডিস্ক ছাড়াও অনেক ক্ষেত্রেই সিডি-রম ড্রাইভ এবং মডেমও যুক্ত থাকে।

**৪) পিসি কেনা এখন জটিল বা ভীতিকর নয়**

বিদেশে এখন বড় বড় দোকানে যারা ডিসকাউন্টে জিনিষপত্র বেচা-কেনা করে তাদের কাছে পিসি পাওয়া যায়। এমনকি মুদি দোকানগুলোতে এখন সফটওয়্যার কিনতে পাওয়া যায়। আমেরিকায় এখন পাঁচ হাজারেরও বেশি দোকানে ম্যাকিনটোশ বিক্রি হচ্ছে। এ সংখ্যা ১৯৯২ সালের দ্বিগুণ। বিক্রি হয়ে যাবার পরও বিক্রেতারা এখন ২৪ ঘন্টা গ্রাহক সেবাসহ অনেক রকম সহায়তা এবং গ্যারান্টি দিচ্ছে।

**৫) চমকপ্রদ সফটওয়্যার এবং সিডি-রমসমূহ ক্রেতাদের আকৃষ্ট করছে**

শিক্ষা, স্বাস্থ্য, অর্থ, সাহিত্য, টুকিটাকি কাজের উপর এখন হাজার হাজার সফটওয়্যার পাওয়া যাচ্ছে। আরো রয়েছে বাচ্চাদের জন্য অসংখ্য রকমের খেলা এবং শিক্ষামূলক প্যাকেজসমূহ। গত বছর আমেরিকাতে বাসাবাড়ীর জন্য সফটওয়্যার বিক্রি হয়েছে ৩ বিলিয়ন ডলারের যা আগের বছরের চেয়ে ২০% বেশি। মাল্টিমিডিয়া প্রযুক্তির ফলে পিসিতে এমন প্রোগ্রাম চালানো যাচ্ছে যাতে ধ্বনি, এনিমেশন, ভিডিওসহ সাধারণ টেক্সট এবং গ্রাফিক্সও চলছে। মাল্টিমিডিয়া সফটওয়্যার সিডি-রমে পাওয়া যাচ্ছে যাতে ৪০টি সাধারণ ফ্লপি ডিস্কের সমান তথ্য থাকতে পারে। গত বছর বাসাবাড়ীর জন্য বিক্রিত সকল পিসির ১৫% সিডি-রম প্লেয়ারযুক্ত ছিল। এপলের কোন কোন ষ্টোর বাসাবাড়ীর জন্য যে মিশিন বিক্রি করে তার প্রায় অর্ধেকই সিডি-রম প্লেয়ারযুক্ত থাকে।

ঢাকার কমপিউটার প্রসারের অন্যতম ব্যক্তিত্ব মোস্তাফা জব্বারের মতে শক্তিশালী প্রসেসর উন্নত কমপ্রেশন প্রযুক্তির ফলে টেক্সট, গ্রাফিক্স, অডিও, ভিডিও সবই এখন সিডি-রমে আসছে। দিনে দিনে পিসিতে সিডি-রম ড্রাইভ অবিচ্ছেদ্য অংশ হয়ে পড়ছে। সিডি-রম ড্রাইভসহ পিসি defacto ষ্ট্যান্ডার্ডে পরিণত হতে যাচ্ছে।

**বাজার দখলের প্রতিযোগিতায় নেমেছে বড় বড় কোম্পানীগুলো**

সবচেয়ে বড় বড় কোম্পানীগুলো আগ্রাসীভাবে হোম কমপিউটিংয়ের বাজার দখল করার প্রচেষ্টা চালাচ্ছে। কম্প্যাক অতি অল্প সময়ের মধ্যে সবচেয়ে বেশি আধিপত্য বিস্তার করেছে। এর Presario 425 গত আগষ্টমাসে বাজারে ছাড়ার পর অনেক জায়গাতেই খুচরা দোকানগুলোতে বিক্রি হয়েছে সবচেয়ে বেশি।

আইবিএম-এর PS/1 লাইন গত ৩ বছর যাবৎ বাজারে চালু রয়েছে। গত বছর এর বিক্রি পূর্ববর্তী




*আমেরিকার একটি মুদি দোকানে একজন মহিলা ক্রেতা অন্যান্য সামগ্রীর সাথে বাচ্চাদের জন্য সফটওয়্যার কিনছেন।*

